# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৫১

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ নিশ্চয়ই কোমলতা বস্তুকে সুশোভিত করে তুলে আর কঠোরতা তাকে ত্রুটিযুক্ত করে তুলে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الرِّفْقَ مِمَّا يُزَيِّنُ الْأَشْيَاءَ وضده يشينها

---

আরবী

أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى قَالَ: حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا شَرِيكٌ عَنِ الْمِقْدَامِ بْنِ شُرَيْحٍ عَنْ أَبِيهِ عَنْ عَائِشَةَ: قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَبْدُو إِلَى هَذِهِ التِّلَاعِ وَقَالَ لِي: (يا عائشة ارفقي فَإِنَّ الرِّفْقَ لَمْ يَكُنْ فِي شَيْءٍ قَطُّ إِلَّا زَانَهُ وَلَا نُزع مِنْ شَيْءٍ إِلَّا شانه.)

الراوي : عَائِشَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 551 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৫৫১. ‘আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এসব উচ্চভূমি থেকে নিম্নভূমিতে ঝর্ণাধারা প্রবাহিত হওয়ার জায়গায় আসতেন। তিনি একবার আমাকে বলেন: “হে ‘আয়িশা (রাদ্বিয়াল্লাহু আনহা), তুমি কোমলতা অবলম্বন করবে। কেননা কোমলতা কোন কিছুতে থাকলে, তা তাকে কেবল সুশোভিতই করে আর কোন কিছু থেকে কোমলতা উঠিয়ে নেওয়া হলে, সেটি তাকে কেবল ত্রুটিযুক্তই করে তুলে।”[1]

ফুটনোট

[1] আবু দাউদ: ২৪৭৮; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৮/৫১০; মুসনাদ আহমাদ: ৬/৮৫; সহীহ মুসলিম: ২৫৯৪; আদাবুল মুফরাদ: ৪৬৯, ৪৭৫; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৪৯৩।

হাদীসটিকে আল্লামা শু‘আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী

রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৫২৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89016

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন